BAPEX

বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স)
কোম্পানি সচিবালয়
বোর্ড উপবিভাগ

## অক্টোবর/২০২৫ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : প্রকৌশলী মোঃ ফজলুল হক, ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স
তারিখ : ২২ অক্টোবর, ২০২৫
সময় : সকাল ১০.৩০ মিনিট
সভার স্থান : বাপেক্স বোর্ড রুম
সভার উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১। | কার্যবিবরণী নিশ্চিতকরণ | ব্যবস্থাপনা পরিচালক সভায় উপস্থিত মহাব্যবস্থাপক, উপমহাব্যবস্থাপক, প্রকল্প পরিচালক ও প্রকল্প ব্যবস্থাপকসহ সকল কর্মকর্তাকে শুভেচ্ছা ও স্বাগত জানান। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য তিনি কোম্পানি সচিবকে অনুরোধ করেন। কোম্পানি সচিব ব্যবস্থাপনা পরিচালকসহ উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সেপ্টেম্বর/২০২৫ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য উপস্থাপন করেন। ব্যবস্থাপনা পরিচালক উক্ত কার্যবিবরণীর বিষয়ে কোন মতামত ও সংশোধনের প্রয়োজন আছে কিনা জানতে চান। উপমহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) ও প্রকল্প ব্যবস্থাপক কার্যবিবরণীর ক্রমিক ১৫.১২-তে উল্লিখিত Special Revenue Order (SRO) এর স্থলে Statutory Regulatory Order (SRO) উল্লেখ করার প্রস্তাব করলে সে অনুযায়ী সংশোধনীসহ কার্যবিবরণীটি নিশ্চিতকরণের পক্ষে সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ একমত প্রকাশ করেন। | সেপ্টেম্বর/২০২৫ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী সংশোধনীসহ সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হলো। | ১। উপমহাব্যবস্থাপক (বোর্ড) |
| ২। | জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ খনন প্রকল্প | বিভাগীয় প্রধান (প্লানিং এন্ড আইসিটি) সভায় জানান যে, জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ কূপ খননের লক্ষ্যে ব্যয় প্রাক্কলন প্রতিবেদন গত ০৭-০৯-২০২৫ তারিখে দাখিল করা হয়েছে। এছাড়াও, Environmental Impact Assessment (EIA) চুক্তি সাক্ষরিত হয়েছে। IIFC কর্তৃক ফিজিবিলিটি স্টাডি সম্পাদনের জন্য দাখিলকৃত প্রস্তাব মূল্যায়নের কাজ চলমান রয়েছে। এ পর্যায়ে ব্যবস্থাপক (অপারেশন এন্ড ফিল্ড উন্নয়ন) ও প্রকল্প ব্যবস্থাপক ড. কাজী ফায়েজ আলম জানান যে, স্পেসিফিকেশন কমিটি কর্তৃক জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ কূপ খননের সময়সীমা ১২০ দিন (৬০ দিন + ৬০ দিন) সুপারিশ করা হয়েছে। তিনি আরো জানান যে, বর্ণিত কূপ দুটি খননের লক্ষ্যে মালামাল আনা-নেয়ার জন্য শেরপুর সড়ক ও জনপদ বিভাগ হতে ১০০ ফুটের একটি বেইলি ব্রিজের কিছু অংশ জামালপুর-১ কূপ এলাকায় স্থানান্তর করা হয়েছে। অবশিষ্ট অংশ অতি শীঘ্রই স্থানান্তর করা হবে। | ১। জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ কূপ খননের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। জামালপুর-১ কূপ হতে গ্যাস উৎপাদন কার্যক্রম শুরু করার লক্ষ্যে বাপেক্স এর বিদ্যমান গ্যাস ফিল্ডের প্রসেস প্লান্ট স্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ কূপ খনন কাজ বাস্তাবায়নের জন্য প্রণীত ডিপিপি-তে খনন সময়কাল বাস্তবতার নিরিখে নির্ধারণ করতে হবে। তবে, কূপ খনন সংশ্লিষ্ট ব্যয় যেন না বাড়ে সেবিষয়টি লক্ষ্য রাখতে হবে। | ১। প্রকল্প ব্যবস্থাপক, জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ কূপ খনন প্রকল্প<br>২। মহাব্যবস্থাপক (উৎপাদন)<br>৩। মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) ও আহবায়ক, জিএন্ডজি কমিটি<br>৪। বিভাগীয় প্রধান (প্লানিং এন্ড আইসিটি) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | আলোচনায় অংশ নিয়ে মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান যে, জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ কূপ খননের জন্য প্রয়োজনীয় ভূমি হুকুমদখলের বিষয়টি ইতোমধ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক অনুমোদিত হয়েছে যা দ্রুততম সময়ের মধ্যে জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করা হবে। ব্যবস্থাপনা পরিচালক জামালপুর-১ কূপ হতে গ্যাস উৎপাদন শুরু করার লক্ষ্যে বাপেক্স এর বিদ্যমান গ্যাস ফিল্ডের প্রসেস প্লান্টসমূহের সম্ভাব্যতা যাচাই কাজের অগ্রগতি জানতে চাইলে মহাব্যবস্থাপক (উৎপাদন) জানান যে, প্রসেস প্লান্ট স্থাপন কাজ প্রক্রিয়াধীন রয়েছে। বর্তমানে প্রসেস প্লান্ট-টি অন্য স্থাপনায় রয়েছে। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে দ্রুততম সময়ের মধ্যে প্রসেস প্লান্ট স্থাপনের ব্যবস্থা গ্রহণ করা হবে। ব্যবস্থাপনা পরিচালক দ্রুততম সময়ে জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ কূপ খনন কাজ বাস্তাবায়নের জন্য প্রণীত ডিপিপি-তে উল্লিখিত সময়কাল বাস্তবতার নিরিখে বৃদ্ধি করার পরামর্শ প্রদান করেন এবং দ্রুত কূপ খননের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও ভূমি হুকুমদখল করার ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। | | |
| ৩। | ভোলা নর্থ কূপের প্রসেস প্ল্যান্ট স্থাপন | মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান, গ্যাস গ্যাদারিং লাইন স্থাপনের জন্য ভূমি অধিগ্রহণের বিষয়টি যৌথভাবে তদারকি করা হচ্ছে। এ বিষয়ে প্রকল্প পরিচালকসহ জেলা প্রশাসকের কার্যালয়, ভোলায় সভা অনুষ্ঠিত হয়েছে। উপমহাব্যবস্থাপক (উৎপাদন) ও প্রকল্প পরিচালক জানান যে, দীর্ঘদিন যাবত জেলা প্রশাসক, ভোলা এর সাথে যোগাযোগ করা হলেও অদ্যাবধি ৭ ধারায় নোটিশ জারি করা সম্ভব হয়নি। ফলে, নির্ধারিত সময়ের মধ্যে ভোলা নর্থ কূপের প্রসেস প্ল্যান্ট স্থাপন করা চ্যালেঞ্জিং হবে। ব্যবস্থাপনা পরিচালক গ্যাস গ্যাদারিং লাইন স্থাপনের জন্য ভূমি অধিগ্রহণ কাজ দ্রুত সম্পাদনের নির্দেশনা প্রদান করেন। এছাড়াও, সঞ্চালন পাইপলাইন নির্মাণের জন্য জিটিসিএল এবং পেট্রোবাংলা প্রান্তে গঠিত কমিটির সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার পরামর্শ প্রদান করেন। | ১। গ্যাস গ্যাদারিং লাইন স্থাপনের নিমিত্ত প্রয়োজনীয় ভূমি অধিগ্রহণ কাজ দ্রুত সম্পাদন করতে হবে।<br>২। মহাব্যবস্থাপক (নির্মাণ) ও প্রকল্প পরিচালককে যৌথভাবে ভূমি অধিগ্রহণ কার্যক্রম তদারকি করতে হবে।<br>৩। প্রসেস প্ল্যান্ট কমিশনিং এবং গ্যাস সরবরাহের লক্ষ্যে সঞ্চালন পাইপলাইন নির্মাণের জন্য জিটিসিএল এবং পেট্রোবাংলা প্রান্তে গঠিত কমিটির সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | ১। মহাব্যবস্থাপক (নির্মাণ)<br>২। প্রকল্প পরিচালক, সংশ্লিষ্ট প্রকল্প |
| ৪। | Drilling Rig ক্রয় | মহাব্যবস্থাপক (প্রকৌশল) জানান যে, ১৫০০ হর্স পাওয়ার ক্ষমতাসম্পন্ন রিগ ক্রয়ের লক্ষ্যে টেকনিক্যাল স্পেসিফিকেশন এবং ব্যয় প্রাক্কলন প্রস্তুতপূর্বক প্রতিবেদন দাখিল করা হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক ১৫০০ হর্স পাওয়ার ক্ষমতাসম্পন্ন রিগ ক্রয়ের লক্ষ্যে ডিপিপি প্রণয়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | ১৫০০ হর্স পাওয়ার ক্ষমতাসম্পন্ন রিগ ক্রয়ের লক্ষ্যে ডিপিপি প্রণয়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। বিভাগীয় প্রধান (প্লানিং এন্ড আইসিটি) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৫। | গভীর কূপ খনন প্রকল্প | বিভাগীয় প্রধান (প্লানিং এন্ড আইসিটি) জানান যে, পরিকল্পনা কমিশনের নির্দেশনা অনুযায়ী ডিপিপির অঙ্গাভিত্তিক ব্যয় প্রাক্কলন প্রতিবেদন সংশোধনপূর্বক ডিপিপি পুনর্গঠন করে ২৩ অক্টোবর, ২০২৫ তারিখে পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে। ডিপিপি অনুমোদিত হলে শ্রীকাইল ডিপ-১ ও মোবারকপুর ডিপ-১ কূপ খননের জন্য আহবায়িত দরপত্রের মূল্যায়নে উত্তীর্ণ দরদাতাকে Notification of Award (NOA) প্রদান করা হবে। তিনি আরো জানান যে, ফেঞ্চুগঞ্জ সাউথ-১ কূপের কূপ খনন এলাকায় পূর্ত কাজের দরপত্র উন্মোচন করা হয়েছে। মূল্যায়ন চলমান আছে। উপমহাব্যবস্থাপক(ভূতত্ত্ব) ও প্রকল্প ব্যবস্থাপক জানান যে, গভীর কূপ খনন সংক্রান্ত Equipment শ্রীকাইল গ্যাসক্ষেত্রে রাখার জন্য BGFCL অনুমতি চেয়েছে। সভায় বাপেক্স এর শ্রীকাইল নর্থ-১ স্থাপনায় উক্ত Equipment রাখার বিষয়ে একমত প্রকাশ করা হয়। ব্যবস্থাপনা পরিচালক ডিপিপি অনুমোদিত হলে ঠিকাদারকে NOA প্রদান ও কূপের যাবতীয় পূর্ত কাজ যথাসময়ে সম্পন্নকরণের নির্দেশনা প্রদান করেন। এছাড়া, বাপেক্স ও জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট এর সমন্বয়ে চা বাগানের মালিক পক্ষ হতে দাবিকৃত ক্ষতিপূরণ কমানোর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন। | ১। ডিপিপি অনুমোদনের লক্ষ্যে প্লানিং কমিশনের নির্দেশনা অনুযায়ী জরুরি পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২। ডিপিপি অনুমোদিত হলে ঠিকাদারকে NOA প্রদান করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>২। প্রকল্প ব্যবস্থাপক (সংশ্লিষ্ট প্রকল্প) |
| | | | ৩। কূপের যাবতীয় পূর্ত কাজ যথাসময়ে সম্পন্ন করতে হবে।<br>৪। বাপেক্স ও জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট এর সমন্বয়ে চা বাগান মালিক পক্ষ হতে দাবিকৃত ক্ষতিপূরণ হ্রাসের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (নির্মাণ) |
| ৬। | সুবর্ণচর, ফেনী ও শৈলকূপা এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে | বিভাগীয় প্রধান (প্লানিং এন্ড আইসিটি) জানান যে, সুবর্ণচর ও ফেনী এলাকায় ইতোমধ্যে ক্লোজগ্রিড ২ডি সার্ভে সম্পন্ন করে কূপ খননের উদ্যোগ নেয়া হয়েছে। খননতব্য কূপসমূহে খননের পরে গ্যাস আবিষ্কৃত হলে পরবর্তীতে ৩ডি সার্ভে করা হবে। তিনি আরো জানান যে, শৈলকূপা এলাকায় বাপেক্সের জন্য ব্লক বরাদ্দ এবং ৩ডি সাইসমিক সার্ভে কাজের জন্য করার অনুমতি প্রদানের লক্ষ্যে পেট্রোবাংলায় যোগাযোগ রাখা হচ্ছে। ব্যবস্থাপনা পরিচালক শৈলকূপা এলাকায় বাপেক্সের জন্য ব্লক বরাদ্দ এবং ৩ডি সাইসমিক সার্ভে করার অনুমতি প্রদানের লক্ষ্যে পেট্রোবাংলার সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার পরামর্শ প্রদান করেন। | শৈলকূপা এলাকায় বাপেক্সের জন্য ব্লক বরাদ্দ এবং ৩ডি সাইসমিক সার্ভে করার অনুমতি প্রদানের লক্ষ্যে পেট্রোবাংলার সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | ১। বিভাগীয় প্রধান (প্লানিং এন্ড আইসিটি)<br>২। বিভাগীয় প্রধান (ভূপদার্থ) |
| ৭। | চরফ্যাশন এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে | বিভাগীয় প্রধান (প্লানিং এন্ড আইসিটি) জানান যে, ৩ডি সাইসমিক সার্ভে ওভার চরফ্যাশন শীর্ষক প্রকল্পের আওতায় ৬৬০ বর্গ কি.মি ৩ডি সাইসমিক সার্ভে সম্পন্ন করার লক্ষ্যে প্রস্তাবিত উন্নয়ন প্রকল্প প্রস্তাব (ডিপিপি) পরিচালক পর্ষদের অনুমোদনক্রমে গত ১৫-১০-২০২৫ তারিখে পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে। চরফ্যাশন এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে করার বিষয়টি অগ্রাধিকার তালিকায় অন্তর্ভুক্ত করার লক্ষ্যে ২৬-১০-২০২৫ তারিখে একটি সভা অনুষ্ঠিত হবে। ব্যবস্থাপনা পরিচালক পেট্রোবাংলা এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার পরামর্শ প্রদান করেন। | ১। পেট্রোবাংলা এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | ১। বিভাগীয় প্রধান (ভূপদার্থ)<br>২। বিভাগীয় প্রধান (প্লানিং এন্ড আইসিটি) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৮। | অডিট আপত্তি | উপমহাব্যবস্থাক (নিরীক্ষা) জানান যে, বাপেক্সে-এ বর্তমানে মোট ৩১১টি (Non SFI-৭০টি, SFI ২১৭টি, সংকলনভুক্ত ও পিএ কমিটি ২৪টি) নিরীক্ষা আপত্তি রয়েছে। পেট্রোবাংলার নির্দেশনা অনুযায়ী বাপেক্সের অডিট আপত্তিসমূহের ক্যাটাগরি নির্ধারণের কাজ চলমান রয়েছে। তিনি আরো জানান যে, বিদ্যুৎ ও জ্বালানি অডিট অধিদপ্তরের চাহিদা অনুযায়ী অর্থ বিভাগ সংশ্লিষ্ট অডিট আপত্তিসমূহের জবাব প্রস্তুতির নিমিত্ত ব্যাখ্যা/মতামত প্রদানের জন্য বাপেক্স এর সংশ্লিষ্ট বিভাগসমূহে প্রেরণ করা হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক নিয়মিত দ্বিপাক্ষিক ও ত্রিপাক্ষিক সভা অনুষ্ঠানের মাধ্যমে বাপেক্সের অডিট আপত্তির সংখ্যা কমানোর উপর গুরুত্বারোপ করেন এবং বিদ্যুৎ ও জ্বালানি অডিট অধিদপ্তরের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার পরামর্শ প্রদান করেন। | ১। নিয়মিত দ্বিপাক্ষিক ও ত্রিপাক্ষিক সভা অনুষ্ঠানের মাধ্যমে বাপেক্সের অডিট আপত্তির সংখ্যা কমাতে হবে।<br>২। বাপেক্সের অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে বিদ্যুৎ ও জ্বালানি অডিট অধিদপ্তরের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | ১। উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা) |
| ৯। | রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার | মহাব্যবস্থাপক (প্রকৌশল) জানান যে, কৈলাশটিলা-১ কূপের ওয়ার্কওভার শেষে বিজয়-১২ রিগ রূপগঞ্জ-১ কূপ এলাকায় স্থানান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার কাজ সম্পাদনের লক্ষ্যে পূর্ত কাজ চলমান আছে। আগামী ১০.১১.২০২৫ তারিখের মধ্যে কাজ সম্পাদন যাবে বলে আশা করা যায়। সভায় কৈলাশটিলা-১ কূপের ওয়ার্কওভার শেষে বিজয়-১২ রিগ রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার এলাকায় স্থানান্তর এবং দ্রুত পূর্ত কাজ সম্পন্নের পক্ষে একমত প্রকাশ করা হয়। | ১। কৈলাশটিলা-১ কূপের ওয়ার্কওভার শেষে বিজয়-১২ রিগ রূপগঞ্জ-১ কূপ এলাকায় স্থানান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার কাজ সম্পাদনের লক্ষ্যে দ্রুত পূর্ত কাজ সম্পন্ন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রকৌশল)<br>২। মহাব্যবস্থাপক (নির্মাণ) |
| ১০ | বাপেক্সের অকেজো মালামাল স্থানান্তর | উপমহাব্যবস্থাপক (সেবা) জানান যে, বাপেক্সের অকেজো মালামাল স্থানান্তরের জন্য গঠিত কমিটির তত্ত্বাবধানে ইতোমধ্যে দুই ট্রিপ অকেজো মালামাল রূপগঞ্জ-১ এ স্থানান্তর করা হয়েছে। কৈলাশটিলা-১ কূপের ওয়ার্কওভার শেষে প্রকৌশল বিভাগ কর্তৃক ট্রাক সরবরাহের প্রেক্ষিতে বাপেক্স ভবনের অবশিষ্ট অকেজো মালামাল স্থানান্তর করা হবে। মহাব্যবস্থাপক (প্রশাসন) জানান যে, বিজিএফসিএল এর অকেজো মালামাল ঘোষণা সংক্রান্ত নীতিমালার আলোকে বাপেক্সের জন্য একটি নীতিমালা প্রণয়নের লক্ষ্যে একটি কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটির কার্যক্রম চলমান রয়েছে। ব্যবস্থাপনা পরিচালক বাপেক্স এর নভেম্বর/২০২৫ মাসের সমন্বয় সভার পূর্বে বাপেক্স ভবনের অবশিষ্ট অকেজো মালামাল স্থানান্তরের নির্দেশনা প্রদান করেন। এছাড়া, BGFCL হতে অকেজো মালামাল ঘোষণা সংক্রান্ত নীতিমালা সংগ্রহপূর্বক একটি কার্যপত্র (Board Paper) প্রস্তুত করার পরামর্শ প্রদান করেন। | ১। বাপেক্সের অকেজো মালামাল নভেম্বর/২০২৫ মাসের সমন্বয় সভার পূর্বে অপসারণ/ স্থানান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। বিজিএফসিএল এর অকেজো মালামাল ঘোষণা সংক্রান্ত নীতিমালার আলোকে বাপেক্সের সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সমন্বয়ে একটি কমিটি গঠন করে খসড়া নীতিমালা প্রণয়ন করতে হবে।<br>৩। বাপেক্সের অকেজো মালামাল সংক্রান্ত একটি কার্যপত্র (Board Paper) প্রস্তুত করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>২। উপমহাব্যবস্থাপক (সেবা)<br>৩। উপমহাব্যবস্থাপক (ভান্ডার) |
| ১১। | সেমুতাং-৬ কূপের ওয়ার্কওভার | মহাব্যবস্থাপক (খনন) জানান যে, সেমুতাং-৬ কূপে ওয়ার্কওভার কার্যক্রম সম্পাদনের জন্য প্রয়োজনীয় মালামাল সংরক্ষিত আছে। ইতোমধ্যে | ১। দ্রুততম সময়ে সেমুতাং-৬ ওয়ার্কওভার এর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (খনন) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | কমিটি কর্তৃক রাস্তা পরিদর্শন করা হয়েছে। কূপ এবং স্থাপনার সার্বিক অবস্থা পর্যবেক্ষণের জন্য কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটির কার্যক্রম চলমান আছে। ব্যবস্থাপনা পরিচালক দ্রুততম সময়ে সেমুতাং-৬ ওয়ার্কওভার কাজ সম্পাদনের লক্ষ্যে রিগ ও খনন সংক্রান্ত মালামাল স্থানান্তর কাজ খনন বিভাগ, নির্মাণ বিভাগ ও প্রকৌশল বিভাগের সমন্বয়ে দ্রুত সম্পন্ন করার পরামর্শ প্রদান করেন। | ২। সেমুতাং-৬ কূপে ওয়ার্কওভার কার্যক্রম সম্পাদনের জন্য প্রয়োজনীয় রিগ ও খনন সংক্রান্ত মালামাল স্থানান্তর কাজ খনন বিভাগ, নির্মাণ বিভাগ ও প্রকৌশল বিভাগের সমন্বয়ে দ্রুত সম্পন্ন করতে হবে। | ২। মহাব্যবস্থাপক (প্রকৌশল)<br>৩। মহাব্যবস্থাপক (নির্মাণ) |
| ১২। | সুন্দলপুর-৩ এবং শাহবাজপুর-৪ কূপের ওয়ার্কওভার | মহাব্যবস্থাপক (প্রকৌশল) জানান যে, কর্তৃপক্ষীয় সিদ্ধান্ত মোতাবেক বিয়ানীবাজার কূপ ওয়ার্কওভার সম্পন্ন শেষে শাহবাজপুর-৪ কূপের ওয়ার্কওভার এলাকায় আইপিএস কার্ডওয়েল রিগ স্থানান্তর করা হবে। তিনি সুন্দলপুর-৩ এবং শাহবাজপুর-৪ কূপে ওয়ার্কওভার সম্পাদনের জন্য কারিগরি/আর্থিক বিষয়াদি খতিয়ে দেখার জন্য মহাব্যবস্থাপক (খনন)-আহবায়ক, মহাব্যবস্থাপক (ওয়েল সার্ভিসেস), মহাব্যবস্থাপক (প্রকৌশল), মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) এবং মহাব্যবস্থাপক (উৎপাদন) এর সমন্বয়ে একটি কমিটি গঠন কাজ প্রক্রিয়াধীন আছে বলে অবহিত করেন। ব্যবস্থাপনা পরিচালক বর্ণিত বিষয়ে দ্রুত কমিটি গঠনের জন্য পরামর্শ প্রদান করেন। | ১। সুন্দলপুর-৩ এবং শাহবাজপুর-৪ কূপে ওয়ার্কওভার সম্পাদনের জন্য কারিগরি/আর্থিক বিষয়াদি খতিয়ে দেখার জন্য মহাব্যবস্থাপক (খনন)-আহবায়ক, মহাব্যবস্থাপক (ওয়েল সার্ভিসেস), মহাব্যবস্থাপক (প্রকৌশল), মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) এবং মহাব্যবস্থাপক (উৎপাদন) এর সমন্বয়ে একটি কমিটি গঠন করতে হবে। | ১।মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>২। মহাব্যবস্থাপক (প্রকৌশল) |
| | | | ২। শাহবাজপুর-৪ কূপের ওয়ার্কওভার সম্পাদনের লক্ষ্যে আইপিএস কার্ডওয়েল রিগ দ্রুত স্থানান্তরের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রকৌশল)<br>২। মহাব্যবস্থাপক (নির্মাণ) |
| ১৩। | বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদার | উপমহাব্যবস্থাপক (সেবা) জানান যে, বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদারসহ অগ্নিকান্ডের বিষয়ে সতকর্তামূলক ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে এবং বাপেক্স ভবনের ছাদে Thunder Arrestor স্থাপনের লক্ষ্যে একটি দরপত্র আহবান করা হয়েছে। তিনি আরো জানান যে, বাপেক্স ভাবনে স্থাপিত লিফট (Elevator) এর দড়ি (Rope) দীর্ঘদিন ব্যবহারজনিত কারণে ক্ষয় হয়েছে এবং বিভিন্ন Parts এর ব্যবহারকাল/মেয়াদ (Lifetime) উত্তীর্ণ হওয়ায় ঝুঁকি তৈরি হয়েছে। তাই, এবিষয়ে দ্রুত পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। ব্যবস্থাপনা পরিচালক বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদারসহ অগ্নিকান্ডের বিষয়ে নিয়মিত তদারকিপূর্বক সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ এবং বাপেক্স ভবনের ছাদে Thunder Arrestor স্থাপনের পরামর্শ প্রদান করেন। এছাড়া, বাপেক্স ভাবনে স্থাপিত লিফট (Elevator) এর বিভিন্ন Parts এর ব্যবহারকাল/মেয়াদ (Lifetime) খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন। | ১। বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদারসহ অগ্নিকান্ডের বিষয়ে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। দ্রুত বাপেক্স ভবনের ছাদে Thunder Arrestor স্থাপন এবং বাপেক্স ভবনের ঝুঁকিপূর্ণ গ্যাস সংযোগগুলোর স্যানেটারী ডাক্ট ও ফ্লোর টাইলসের নিচ দিয়ে নেয়ার পরিবর্তে বিকল্প ব্যবস্থা গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। বাপেক্স ভাবনে স্থাপিত লিফট (Elevator) এর বিভিন্ন Parts এর ব্যবহারকাল/মেয়াদ (Lifetime) খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। উপমহাব্যবস্থাপক (সেবা)<br>২। উপমহাব্যবস্থাপক (এইচএসই)<br>৩। উপমহাব্যবস্থাপক (নির্মাণ) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১৪। | বাপেক্সের বিভিন্ন বিভাগের অপারেশনাল কার্যক্রম, কাজের প্রতিবন্ধকতা/চ্যালেঞ্জ ও এটি উত্তরণের উপায় নির্ধারণ | সভায় বাপেক্সের বিভিন্ন বিভাগের অপারেশনাল কার্যক্রম, কাজের প্রতিবন্ধকতা/চ্যালেঞ্জ ও এটি উত্তরণের উপায় নির্ধারণ বিষয়ে নিম্নরূপ আলোচনা করা হয়। | | |
| | | ১৪.১। উপমহাব্যবস্থাপক (নির্মাণ) সভায় জানান যে, কাপাসিয়ায় ভূপদার্থিক বিভাগের মালামাল (২ডি ও ৩ডি সাইসমিক সার্ভে), পরীক্ষাগার বিভাগের মালামাল এবং জিওলজিক্যাল পার্টির মালামাল সংরক্ষণ করার জন্য ১টি গোডাউন বা ওয়্যারহাউজ নির্মাণের জন্য গঠিত কমিটির কার্যক্রম চলমান আছে। দ্রুততম সময়ের মধ্যে চূড়ান্ত প্রতিবেদন দাখিল করা হবে। অত:পর তিনি গোডাউন বা ওয়্যারহাউজ নির্মাণের জন্য বাজেট বরাদ্দ পাওয়া যাবে কিনা জানতে চাইলে মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) বলেন যে, অপারেশনাল বিল্ডিং হিসেবে বাজেট চাওয়া হলে বরাদ্দ পাওয়া যাবে। ব্যবস্থাপনা পরিচালক দ্রুততম সময়ের মধ্যে কমিটির প্রতিবেদন দাখিল এবং কমিটির সুপারিশ মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার পরামর্শ প্রদান করেন। | ১। দ্রুততম সময়ের মধ্যে কমিটির প্রতিবেদন দাখিল করতে হবে এবং কমিটির সুপারিশ মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। বিভাগীয় প্রধান (ভূপদার্থ) ও আহবায়ক, সংশ্লিষ্ট কমিটি<br>২। উপমহাব্যবস্থাপক (নির্মাণ) ও সদস্য সচিব, সংশ্লিষ্ট কমিটি |
| | | ১৫.২। মহাব্যবস্থাপক (খনন) জানান যে, বাপেক্স এর রাজস্ব বাজেট হতে ন্যূনতম ২টি কূপ খনন ও পরিচালক পর্ষদ কর্তৃক অনুমোদিত কূপ সমূহের ওয়ার্কওভার কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় মালামাল ক্রয়ের জন্য ০৮টি দরপত্রের মধ্যে ০৪টি দরপত্রের বিপরীতে ক্রয়াদেশ (Purchase Order) দেয়া হয়েছে। ইতোমধ্যে শেভরন (বাংলাদেশ) লিঃ বাপেক্স-কে খনন সংশ্লিষ্ট ১৬০ প্রকার মালামাল প্রদানের জন্য পেট্রোবাংলায় পত্র প্রেরণ করেছে। উক্ত মালামালের Specifications যাচাইপূর্বক ২টি দরপত্র পুনঃআহবানের বিষয়ে বিবেচনা করা হবে। তবে, ডুয়েল কম্প্লিশনের জন্য মালামাল ক্রয়ের বিষয়ে এখনো কোন সিদ্ধান্ত হয়নি। ব্যবস্থাপনা পরিচালক এই মুহূর্তে বাপেক্সের কোন ডুয়েল কম্প্লিশনের করার পরিকল্পনা আছে কিনা জানতে চাইলে উপমহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) ড. মোঃ আশিক হোসেন জানান যে, বাপেক্স এর বিদ্যমান গ্যাসসমূহে ডুয়েল কম্প্লিশনের সম্ভাবতা যাচাইয়ের জন্য পেট্রোবাংলা হতে নির্দেশনা প্রদান করা হয়। উক্ত নির্দেশনার আলোকে কিছু ওয়াঁকওভার কূপে ডুয়েল কম্প্লিশনের সম্ভাবতা যাচাইয়ের জন্য একটি কমিটি গঠন হয়। পরবর্তীতে ডুয়েল কম্প্লিশন করার বিষয়ে কোন সিদ্ধান্ত গৃহীত হয়নি। আলোচনায় অংশ নিয়ে মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) জানান যে, সার্বিক বিষয় বিবেচনায় বাপেক্সের এই মুহূর্তে ডুয়েল কম্প্লিশন করা সমীচীন নয়। পরিশেষে, সভায় ২টি কূপ খনন | বাপেক্স এর রাজস্ব বাজেট হতে ন্যূনতম ২টি কূপ খনন ও পরিচালক পর্ষদ কর্তৃক অনুমোদিত কূপ সমূহের ওয়ার্কওভার কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় মালামাল দ্রুত ক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (খনন)<br>২। উপমহাব্যবস্থাপক (বৈদেশিক ক্রয়) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ও পরিচালক পর্ষদ কর্তৃক অনুমোদিত কূপ সমূহের ওয়ার্কওভার কার্যক্রম সম্পাদনের জন্য প্রয়োজনীয় মালামাল দ্রুত ক্রয়ের ব্যবস্থা গ্রহণের পক্ষে একমত প্রকাশ করা হয়। এছাড়া, বাপেক্সের এই মুহূর্তে ডুয়েল কম্প্লিশনের পরিকল্পনা না থাকলে এ সংক্রান্ত মালামাল ক্রয় না করার পরামর্শ প্রদান করা হয়। | | |
| | | ১৫.৩। বিভাগীয় প্রধান, চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয় জানান যে, দ্রুততম সময়ে সোলার প্যানেল স্থাপন করার লক্ষ্যে ইতোমধ্যে একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটি কর্তৃক Technical Specification তৈরীর কাজ চলমান আছে। এছাড়াও, উক্ত কমিটিতে কো-অপ্ট সদস্য অন্তর্ভুক্ত করার জন্য প্রস্তাব করা হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক দ্রুত কমিটির প্রতিবেদন দাখিল করার এবং চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ে দ্রুততম সময়ে সোলার প্যানেল স্থাপনের নির্দেশনা প্রদান করেন। | ১। বাপেক্স ভবন ও চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়সহ বাপেক্স এর অন্যান্য স্থাপনায় সোলার প্যানেল স্থাপন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। দ্রুত কমিটির প্রতিবেদন দাখিল করতে হবে এবং চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ে দ্রুততম সময়ে সোলার প্যানেল স্থাপন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>২। মহাব্যবস্থাপক (ওয়েল সার্ভিসেস)<br>৩। বিভাগীয় প্রধান, চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়, বাপেক্স |
| | | ১৫.৪। মহাব্যবস্থাপক (উৎপাদন) জানান যে, আইনী মতামত গ্রহণপূর্বক ফেনী ও ছাতক গ্যাস ফিল্ড বাপেক্সের মালিকানায় পাওয়ার যৌক্তিকতা তুলে ধরে গত ০৭.১০.২০২৫ তারিখে পেট্রোবাংলায় পত্র প্রেরণ করা হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক ফেনী ও ছাতক গ্যাস ফিল্ড বাপেক্সের মালিকানায় পাওয়ার লক্ষ্যে পেট্রোবাংলার সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার পরামর্শ প্রদান করেন। | ফেনী ও ছাতক গ্যাস ফিল্ড বাপেক্সের মালিকানায় পাওয়ার পাওয়ার লক্ষ্যে পেট্রোবাংলার সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার পরামর্শ প্রদান করেন। | ১। মহাব্যবস্থাপক (উৎপাদন) |
| | | ১৫.৫। মহাব্যবস্থাপক (প্রকৌশল) জানান যে, গ্যাস উন্নয়ন তহবিল (জিডিএফ) এর অর্থায়নে বাস্তবায়িত/সমাপ্ত অলাভজনক প্রকল্পের বিপরীতে গ্রহীত ঋণ অনুদানে রূপান্তরের প্রস্তাবের প্রতিবেদন দাখিল আরও যৌক্তিক ভাবে উপস্থাপনের জন্য প্রয়োজনীয় কাজ চলমান রয়েছে। মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) জানান যে, আগামী সপ্তাহে এবিষয়ে সভা অনুষ্ঠিত হবে বলে তিনি আশা প্রকাশ করেন। ব্যবস্থাপনা পরিচালক বলেন যে, জিডিএফ এর অর্থায়নে বাস্তবায়িত/সমাপ্ত অলাভজনক প্রকল্পের বিপরীতে গৃহীত ঋণ অনুদানে রূপান্তরের প্রস্তাব প্রেরণ করা খুবই গুরুত্বপূর্ণ। তাই, সংশ্লিষ্ট কমিটিকে প্রতিবেদন দাখিলের পূর্বে আরো যৌক্তিক করার করার নির্দেশনা প্রদান করেন। | ১। বাপেক্স কর্তৃক জিডিএফ এর অর্থায়নে বাস্তবায়িত/সমাপ্ত অলাভজনক প্রকল্পের বিপরীতে গৃহীত ঋণ অনুদানে রূপান্তরের প্রস্তাব পেট্রোবাংলা এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ-এ প্রেরণের পূর্বে আরো যৌক্তিক করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রকৌশল) ও আহবায়ক, সংশ্লিষ্ট কমিটি |
| | | ১৫.৬। বিভাগীয় প্রধান, চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয় জানান যে, ONGC-এর মালামালের হালনাগাদ তালিকা প্রস্তুত করার লক্ষ্যে চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয় হতে একটি কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটি কর্তৃক ONGC এর মালামালের হালনাগাদ তালিকা প্রস্তুতির কাজ চলমান আছে। কমিটি কর্তৃক ইতোমধ্যে আংশিক তালিকা প্রস্তুত কাজ সম্পন্ন হয়েছে। তবে, পতেঙ্গা | ONGC-এর মালামালের হালনাগাদ তালিকা প্রস্তুতপূর্বক দ্রুত প্রতিবেদন দাখিল করতে হবে। | ১। বিভাগীয় প্রধান, চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়, বাপেক্স |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | স্থাপনায় সংরক্ষিত পাইপসমূহ বর্ষাজনিত কারণে পানিতে আবদ্ধ থাকায় হালনাগাদ তালিকা প্রস্তুত করা সম্ভব হয়নি। তালিকা প্রস্তুতপূর্বক কমিটির প্রতিবেদন দাখিল করা হবে তিনি আশা প্রকাশ করেন। ব্যবস্থাপনা পরিচালক ONGC-এর মালামালের হালনাগাদ তালিকা প্রস্তুতপূর্বক দ্রুত প্রতিবেদন দাখিল করার নির্দেশনা প্রদান করেন। | | |
| | | ১৫.৭। উপমহাব্যবস্থাপক (সেবা) জানান যে, আসবাবপত্র ক্রয়ের নতুন নীতিমালা প্রণয়ন না হওয়ায় বাপেক্স-এ দীর্ঘদিন যাবত আসবাবপত্র ক্রয় কার্যক্রম বন্ধ রয়েছে। চাহিদার আলোকে প্রাধিকার ভিত্তিতে প্রাপ্য আসবাবপত্র ক্রয়ের নিমিত্ত যাচাই-বাছাই কাজ চলমান রয়েছে। পরবর্তীতে এ সংক্রান্ত দরপত্র আহবানের নথি উপস্থাপন করা হবে এবং মেরামতযোগ্য আসবাবপত্রসমূহ মেরামত করা হবে। ব্যবস্থাপনা পরিচালক সরকারের কৃচ্ছ্রসাধন নীতিমালার বিষয়টি বিবেচনা করে মেরামতযোগ্য আসবাবপত্রসমূহ মেরামত করে পুনরায় ব্যবহারের পরামর্শ প্রদান করেন। তবে, মেরামতযোগ্য না হলে বিদ্যমান নীতিমালা অনুযায়ী প্রাধিকার ভিত্তিতে প্রাপ্য আসবাবপত্র ক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | ১। নীতিমালা অনুযায়ী প্রাধিকার ভিত্তিতে প্রাপ্য আসবাবপত্র ক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। সরকারের কৃচ্ছ্রসাধন নীতিমালার বিষয়েটি বিবেচনা করে মেরামতযোগ্য আসবাবপত্রসমূহ মেরামত করে পুনরায় ব্যবহার করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>২। উপমহাব্যবস্থাপক (সেবা) |
| | | ১৫.৮। মহাব্যবস্থাপক (সেবা) জানান যে, বাপেক্স এর গাড়ীসমূহের মন্ত্রণালয়ের কোড/রেজিস্ট্রেশন না থাকায় বিভিন্ন গ্যাসক্ষেত্র/স্থাপনায় যাতায়াতে অসুবিধার সম্মুখীন হওয়ায় বিষয়টি সুরাহার লক্ষ্যে অর্থ বিভাগে সংশ্লিষ্ট ডেস্ক অফিসারের সাথে যোগাযোগ করা হয়েছে। মহাব্যবস্থাপক (প্রকৌশল) জানান যে, বাপেক্স এর প্রাধিকারভুক্ত কর্মকর্তাগণের চাহিদা থাকা সত্ত্বেও প্রয়োজনের তুলনায় অপ্রতুল থাকার কারণে গাড়ি সরবরাহ করা সম্ভব হচ্ছে না। তাই, অনেক কর্মকর্তাগণের মাঝে অসন্তোষ তৈরি হচ্ছে। এমতাবস্থায়, বাপেক্স এর মেরামতযোগ্য গাড়িসমূহ মেরামত করা প্রয়োজন এবং যেসব গাড়ি মেরামতযোগ্য নয় সেসব গাড়ি নিলামের মাধ্যমে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করা হলে সেস্থলে নতুন গাড়ি প্রতিস্থাপন করা সম্ভব হবে। এ পর্যায়ে বিভাগীয় প্রধান (আঞ্চলিক কার্যালয়) জানান যে, গত ১৫ বছর পূর্বে চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ে অফিসারগণকে আনা-নেয়ার জন্য গাড়ী প্রদান করা হয়েছিল যা অদ্যাবধি চলমান আছে। বিভিন্ন সময়ে বাপেক্স এর কর্মকর্তাগণ দাপ্তরিক কাজে আঞ্চলিক কার্যালয়ে দাপ্তরিক কাজে ভ্রমণের সময় চাহিদা মোতাবেক গাড়ী সরবরাহ করা সম্ভব হয়না। তাই, সার্বিক বিষয় বিবেচনায় একটি গাড়ী আঞ্চলিক কার্যালয় চট্টগ্রামে সরবরাহের জন্য অনুরোধ করেন। ব্যবস্থাপনা পরিচালক বাপেক্স এর গাড়ীসমূহের মন্ত্রণালয়ের রেজিস্ট্রেশন/কোড প্রদানের বিষয়ে অর্থ বিভাগের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার | ১। বাপেক্স এর গাড়ীসমূহের মন্ত্রণালয়ের রেজিস্ট্রেশন/কোড প্রদানের বিষয়ে অর্থ বিভাগের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে।<br>২। বাপেক্স এর মেরামতযোগ্য গাড়িসমূহ মেরামত করার জন্য দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>২। মহাব্যবস্থাপক (প্রকৌশল)<br>৩। উপমহাব্যবস্থাপক (সেবা) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | পরামর্শ প্রদান করেন। এছাড়া, বাপেক্স এর মেরামতযোগ্য গাড়িসমূহ মেরামত করার জন্য দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন। | | |
| | | ১৫.৯। ব্যবস্থাপনা পরিচালক শ্রীকাইল-৫ মূল্যায়ন কাম উন্নয়ন কূপ খননের সময় উদ্ভুত সমস্যা নিরসনের লক্ষ্যে প্রস্তাবিত মনিটরিং কমিটি গঠন করা হয়েছে কিনা জানতে চাইলে মহাব্যবস্থাপক (প্রশাসন) জানান যে, প্রকল্প হতে এ সংক্রান্ত নথি উপস্থাপন করা হয়েছে। দ্রুততম সময়ের কমিটি গঠন করা হবে বলে তিনি আশা প্রকাশ করেন। মহাব্যবস্থাপক (খনন) কমিটির নাম মনিটরিং কমিটির পরিবর্তে Striking Force করার এবং কমিটির কার্যপরিধি (ToR) নির্ধারণের প্রস্তাব করলে সভায় মনিটরিং কমিটির নাম অপরিবর্তীত রেখে কমিটির কার্যপরিধি (ToR) হিসেবে প্রকল্পের আর্থিক ও প্রশাসনিক বা কাজের শৃঙ্খলা অনুযায়ী কূপ খনন কাজ হচ্ছে কিনা সেটি তদারকি করবে মর্মে নির্ধারণ করা হয়। পরিশেষে, ব্যবস্থাপনা পরিচালক মহাব্যবস্থাপক (খনন)-আহবায়ক, মহাব্যবস্থাপক (ওয়েল সার্ভিসেস), মহাব্যবস্থাপক (প্রকৌশল), মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) এবং মহাব্যবস্থাপক (উৎপাদন) এর সমন্বয়ে একটি মনিটরিং কমিটি গঠন করার নির্দেশনা প্রদান করেন। | মহাব্যবস্থাপক (খনন)-আহবায়ক, মহাব্যবস্থাপক (ওয়েল সার্ভিসেস), মহাব্যবস্থাপক (প্রকৌশল), মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) এবং মহাব্যবস্থাপক (উৎপাদন) এর সমন্বয়ে একটি মনিটরিং কমিটি গঠণ এবং প্রয়োজনে এ বিষয়ে অভিজ্ঞ কর্মকর্তা-কে কমিটিতে কো-অপ করতে হবে।<br>২। কমিটি শ্রীকাইল-৫ মূল্যায়ন কাম উন্নয়ন কূপ খননের সময় উদ্ভুত সমস্যা নিরসনের লক্ষ্যে মনিটরিং করবে এবং প্রকল্পের আর্থিক/প্রশাসনিক বা কাজের শৃঙ্খলা অনুযায়ী কূপ খনন কাজ হচ্ছে কিনা সেটি তদারকি করবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>২। উপমহাব্যবস্থাপক (খনন) ও প্রকল্প পরিচালক, সংশ্লিষ্ট প্রকল্প |
| | | ১৫.১০। উপমহাব্যবস্থাপক (বৈদেশিক ক্রয়) জানান যে, হিসাব ও অর্থ বিভাগের সাথে আলোচনা এবং চট্টগাম আঞ্চলিক কার্যালয়ের সাথে যোগাযোগর পূর্বক বিভিন্ন বিভাগের SRO আইটেমসমূহের Common নামসমূহ প্রস্তুতের কাজ চলমান আছে। তিনি আরো জানান যে, বাপেক্স এর আমদানীতব্য মালামাল/যন্ত্রপাতি/পণ্যের তালিকা Statutory Regulatory Order (SRO)-এ উল্লেখ করার জন্য সুনিদিষ্ট করে দিলে পূর্বের ন্যায় অসুবিধার সম্মুখীন হওয়ার সম্ভাবনা রয়েছে। কারণ, বিদ্যমান SRO-তে উল্লিখিত আইটেমসমূহের বাইরে কোন আইটেম আমদানী করা হলে অঙ্গিকারনামা প্রদানের মাধ্যমে শুল্কছাড় পাওয়া যায়। উপমহাব্যবস্থাপক (অর্থ) তাঁর পূর্ব অভিজ্ঞতার আলোকে উক্ত মতামতের সাথে একমত প্রকাশ করেন। এ পর্যায়ে বিভাগীয় প্রধান, চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয় বিদ্যমান SRO এর তফশিল-২ এ উল্লিখিত আইটেমসমূহ ব্যতীত সকল তৈল, গ্যাস ও জ্বালানি অনুসন্ধান ও উৎপাদন সংক্রান্ত আইটেমসমূহে শুল্ককর ছাড়ের বিষয়টি উল্লেখ রয়েছে মর্মে সভায় অবহিত করেন। ব্যবস্থাপনা পরিচালক বাপেক্স এর আমদানীতব্য আইটেমসমূহের জন্য SRO সুবিধা দ্রুততম সময়ে প্রাপ্তি এবং দ্রুত মালামাল খালাসের | বাপেক্স এর আমদানীতব্য আইটেমসমূহের জন্য SRO সুবিধা দ্রুততম সময়ে প্রাপ্তি এবং দ্রুত মালামাল খালাসের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ)<br>২। মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>৩। উপমহাব্যবস্থাপক (বৈদেশিক ক্রয়)<br>৪। উপমহাব্যবস্থাপক (অর্থ) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার পরামর্শ প্রদান করেন। | | |
| | | ১৫.১১। ব্যবস্থাপনা পরিচালক বাপেক্সে যে ৮৩ জন নতুন কর্মকর্তা যোগদান করার জন্য অপেক্ষমাণ রয়েছে তাদেরকে কোম্পানির কাজে সম্পৃক্ত করার লক্ষ্যে কোন কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে কিনা জানতে চাইলে মহাব্যবস্থাপক (প্রশাসন) জানান যে, প্রচলিত রীতি অনুযায়ী ওরিয়েন্টশন প্রোগাম আয়োজনের মাধ্যমে বাপেক্সের সার্বিক কার্যক্রম সম্পর্কে অবহিত করা হবে। সভায় নতুন কর্মকর্তাদের জন্য ওরিয়েন্টশন প্রোগাম আয়োজনের পক্ষে একমত প্রকাশ করা হয়। | যে ৮৩ জন নতুন কর্মকর্তা যোগদান করার জন্য অপেক্ষমাণ রয়েছে তাদেরকে বাপেক্সের কর্মকাণ্ডে সম্পৃক্ত করার লক্ষ্যে ওরিয়েন্টশন প্রোগাম আয়োজন করতে হবে। | ১। বিভাগীয় প্রধান (প্লানিং এন্ড আইসিটি)-সহ সংশ্লিষ্ট মহাব্যবস্থাপকগণ |

আর কোন আলোচনার বিষয় না থাকায় সকলের নিরাপদ জীবন ও সুস্বাস্থ্য কামনা করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/১০/২৫

প্রকৌশলী মোঃ ফজলুল হক
ব্যবস্থাপনা পরিচালক
এবং সভাপতি, মাসিক সমন্বয় সভা

বিতরণ:

১) মহাব্যবস্থাপক ..................................................................বাপেক্স।
২) উপমহাব্যবস্থাপক ..............................................................বাপেক্স।
৩) প্রকল্প পরিচালক/স্থাপনা প্রধান/ প্রকল্প ব্যবস্থাপক......................................বাপেক্স।
৪) অফিস কপি।